

## মুখোমুখি

### সুনন্দা মুখোপাধ্যায়

ছোট এক কাচের টুকরোর কাছে ধরা পড়ে যাই  
স্নান করে ঘরে এলে ভিজে চুল সে দেখে  
ভিজে চোখ দেখে নিভৃত আড়ালে।

দেখে পরাজয় পাউডার প্যাফে  
খুশির মুহূর্তে দেখে চোখে চোখ রেখে  
তার কাছে জমা রাখি প্যাপের জরিপ  
কতটুকু স্থায়ী ভাব ঠোঁট ও চিবুক

জাদুকরি তোর কাছে ফিসফিস কিছু কথা বলি  
ঠিক ঠিক দেখে নিস আমার অব্রূপ  
অঘটন ঘটে গেলে শুধু তোকে কাছে পাব।  
তুলে নেব দাগ চোখে চোখ রেখে  
ধরা পড়ে গেলে, গুঞ্জন যদি ঠেলে ওঠে  
তোর কাছে খুঁজব আড়াল

তোর কাছে নিলাজ অবিরত  
তোর কাছে শাস্তি সান্ত্বনার মতো অবকাশ  
নিজের সঙ্গে শিউরে ওঠা গুনগুন তান  
দেমাকের জারিজুরি ভেঙে খানখান  
তোর কাছে ধরা পড়ি, তোর কাছে কথা রাখি শুধু।

## চিঠি

কেউ কি পাঠায় চিঠি রোজ রোজ ?  
লাল খাম নীল খাম সাদা খাম ?  
মাঝরাতে ডাক পিয়নের হাঁকাহাঁকি  
চিঠি আছে— চিঠি !  
রাতের আকাশ থেকে  
বুলে পড়া অক্ষরের দল  
চলমান দিনগুলো  
ভরে দেয় শব্দের প্রত্যাশা  
মণিং ওয়াক সেরে  
সেই ঘেরাটোপে ফিরে আসা  
হোম ডেলিভারির লাজুক মেয়েটি  
রোগা রোগা দুটো হাতে  
বাসন গোছায়।  
জিজ্ঞাসু চোখে রোজ  
প্রশ্ন রেখে যায়  
কটা চিঠি এল আপনার ?  
দরজাটা বন্ধ হলে  
সেল ফোনে টুকরো এস-এমঃএস  
কাছাকাছি মেলট্রেনে  
চিঠিটা পাঠাও তাড়াতাড়ি।